



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ



আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৫৮.২১-১২৯৪

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৮

০৩ অক্টোবর ২০২১

বিষয়: রিট পিটিশন নং ৫৭৮০/২০২১-এর আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট নং ৫৭৮০/২০২১ এর ২৮/০৬/২০২১ তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পৌর কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে পশ্চিম কান্দা পাড়াস্থ সেবা সংঘ মন্দিরের পার্শ্বে রাস্তা কর্তন করে সরকারি সম্পত্তি ক্ষতি সাধন করায় জরিমানাসহ ক্ষতিপূরণ বাবদ মোট ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পৌর রাজস্ব তহবিলে জমা করার লক্ষ্যে নরসিংদী পৌরসভা কার্যালয়ের ১৭/০৬/২০২১ তারিখের ১৪৪ নং স্মারক চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৭ (সাত) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে তর্কিত বিষয়ে ০৩ (তিন) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। রিটের ২নং প্রতিপক্ষ মেয়র, নরসিংদী পৌরসভা, নরসিংদী।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৫৭৮০/২০২১ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব (Statements of defence) এবং প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই প্রস্ত জরুরিভিত্তিতে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:.....(পাতা)।

৩-১০-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

মোঃ কামরুজ্জামান, নরসিংদী সিটি কর্পোরেশন মেয়র,  
নরসিংদী সিটি কর্পোরেশনের মেয়র কার্যালয়


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৫৮.২১-১২৯৪/১(৪)

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৮

০৩ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) যুগ্মসচিব, নগর উন্নয়ন-২ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



৩-১০-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব